কালের কণ্ঠ

তারিখ: 01 NOV 2016
পৃষ্ঠা: ২০ কলাম: ৪

ঢাবি 'ঘ' ইউনিটের ফল প্রকাশ

# মাত্র ৯.৮৩% ভর্তির যোগ্য

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এতে ৯.৮৩ শতাংশ শিক্ষার্থী ভর্তির যোগ্য বিবেচিত হয়েছে। গতকাল সোমবার দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে এক সংবাদ সম্মেলন উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন।

এর আগে চলতি শিক্ষাবর্ষে 'ক' ইউনিটে সাড়ে ১৩ শতাংশ শিক্ষার্থী পাস করে। 'খ' ইউনিটে কেবল ১১ শতাংশ শিক্ষার্থী পাস মার্ক তুলতে পেরেছে। 'গ' ইউনিটে পাস করেছে মাত্র ৫.৫৫ শতাংশ শিক্ষার্থী। এ নিয়ে সংশ্লিষ্ট মহলে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়।

'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার জন্য এক লাখ ৯ হাজার ১৭০ জন আবেদন করলেও শেষ

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৫

## মাত্র ৯.৮৩% ভর্তির

▶▶ শেষ পৃষ্ঠার পর

পর্যন্ত পরীক্ষায় অংশ নেয় ৭৬ হাজার ৯৮৯ শিক্ষার্থী। পাস করে সাত হাজার ৫৬৬ জন (বিজ্ঞানে চার হাজার ১০১ জন, মানবিকে দুই হাজার ১৪৯ জন, ব্যবসায় শিক্ষায় এক হাজার ৩১৬ জন)। তাদের মধ্য থেকে এক হাজার ৫৪০ জন শেষ পর্যন্ত 'ঘ' ইউনিটে লেখাপড়া করার সুযোগ পাবে।

ভর্তিযোগ্যরা আগামী ৭ থেকে ১৪ নভেম্বর পর্যন্ত ওয়েবসাইটে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে পারবে। কোটায় ভর্তির জন্য ৬ থেকে ১০ নভেম্বরের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে পারবে। এ ছাড়া ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ৩ নভেম্বরের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে এবং আগামী ৬ নভেম্বর ওয়েবসাইটে প্রাপ্ত বিভাগের ফলাফল প্রকাশ করা হবে। ২১ নভেম্বর ওয়েবসাইটে বিষয় মনোনয়ন দেওয়া হবে।

প্রকাশিত ফল অনুযায়ী ২০১৬-১৭ শিক্ষাবর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের এক হাজার ৫৪০টি আসনে (বিজ্ঞানে এক হাজার ৯৭ জন, বিজনেস স্টাডিজে ৩৯০ জন, মানবিকে ৫৩ জন) শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে।